দৈনিক সংবাদ

MAR. 03 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...



চট্টগ্রাম ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ-শিবির নেতৃবৃন্দের শান্তিপূর্ণ সহাবস্থান — সংবাদ

# ছাত্রলীগ ও শিবির নেতাদের কোলাকুলির মধ্য দিয়ে সচল হলো চট্টগ্রাম ভার্সিটি

**নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ** দুই চির প্রতিদ্বন্দ্বী ছাত্রসংগঠন ছাত্রলীগ ও ছাত্রশিবিরের নেতাদের ক্যাম্পাসে কোলাকুলির মধ্য দিয়ে দীর্ঘ আট মাস পর গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আবার সচল হয়ে উঠেছে। ক্যাম্পাসে গতকাল ছাত্রছাত্রীদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা গেছে। ছাত্রসংগঠনগুলোর সহাবস্থানও ছিল লক্ষণীয় অধিকাংশ ক্লাস চালু ছিল। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন ছিল। তবে ছাত্রলীগ বলেছে, আমরা পরিস্থিতি পর্যবেক্ষণ করছি, সমঝোতা স্মারক বাস্তবায়িত না হলে আমাদের স্থগিত আন্দোলন কর্মসূচি আবার চালু করতে বাধ্য হবো।

গত ১৩ই জুলাই শিবির-ছাত্রলীগের মধ্যে সংঘর্ষের ঘটনায় যে অচলাবস্থার সৃষ্টি হয় গতকাল বিশ্ববিদ্যালয় খোলার মাধ্যমে দীর্ঘ দিন পর তা আপাতত কেটে গেল। বিপরীতমুখী দুই ছাত্রসংগঠন ছাত্রলীগ ও ছাত্রশিবিরের নেতৃবৃন্দ গতকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ১নং স্টেশন চত্বরে চ.বি শাখা ছাত্রলীগের সভাপতি জিল্লুর রহমান জুয়েল ও সাধারণ সম্পাদক নাসির হায়দার বাবুল এবং শিবিরের সভাপতি আলাউদ্দিন সিকদার ও সাধারণ সম্পাদক [illegible] আলম মজুমদারসহ নেতৃবৃন্দ একে অনে[illegible] সঙ্গে কোলাকুলির মাধ্যমে কুশল বিনি[illegible] করেন। ক্যাম্পাসে শান্তিপূর্ণ সহাবস্থ[illegible] বজায় রাখার প্রতিশ্রুতিও প্রদান করেন।

এ দিকে ছাত্রলীগ নেতৃবৃন্দ জানিয়েছে[illegible] তারা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি পর্যবেক্ষ[illegible] করছেন। তারা উপাচার্য, প্রো-উপাচা[illegible]

চট্টগ্রাম ঃ পৃঃ ২ কঃ ৪

চট্টগ্রাম ঃ ভার্সিটি

( ১২ পৃষ্ঠার পর )

এবং প্রক্টরের সঙ্গে এক সাক্ষাতে মি[illegible] হন। এবং ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরি[illegible] বজায় রাখতে আন্তরিকভাবে সহযো[illegible] করবেন বলে জানান। নেতৃবৃন্দ [illegible] করেন, চ.বি প্রশাসন অবিলম্বে ছাত্র[illegible] প্রদত্ত দাবি বাস্তবায়ন করে ক্যা[illegible] লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করবে[illegible]